


গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলী কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চারঘাট উপজেলা, রাজশাহী।

স্মারক নং- ৪৬.০৩.৮১২৫.৪০১.০০.০০১.২১-২৪২

তারিখঃ- ২০-০৩-২০২২ ইং

বিষয়ঃ সভার উপস্থিতির নোটিশ।

আগামী ২২-০৩-২০২২ ইং তারিখ, মঙ্গলবার, দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান, চারঘাট উপজেলার অফিস কক্ষে জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'লে।


(মোঃ গোলাম মোস্তফা)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চারঘাট উপজেলা, রাজশাহী।

ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ স্যানিটেশন ও বিশুদ্ধ
পানি সরবরাহ স্থায়ী কমিটি
চারঘাট, রাজশাহী।

প্রাপক

০১। উপজেলা অফিসার, চারঘাট, রাজশাহী।


০২। চেয়ারম্যান ইউপি, চারঘাট, রাজশাহী।

স্মারক নং-৪৬.০৩.৮১২৫.৪০১.০০.০০১.২১-২৪২/৪

তারিখঃ- ২০-০৩-২০২২ইং

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য প্রেরিত হইল।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান, চারঘাট, রাজশাহী (সভায় উপস্থিত থাকার অনুরোধ সহ)।
- ৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, চারঘাট, রাজশাহী (সভায় উপস্থিত থাকার অনুরোধ সহ)।


(মোঃ গোলাম মোস্তফা)
উপ-সহকারী প্রকৌশলী

চারঘাট উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিবৃদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী।


সভার সভাপতিঃ	মোসাঃ তাজমিরা খাতুন মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
সভার তারিখঃ	২২-০৩-২০২২
সভার সময়ঃ	দুপুর ১২.০০ ঘটিকা।
সভার স্থানঃ	মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে রেজুলেশন পাঠ করে শুনানোর জন্য কমিটির সদস্য সচিব ও উপ-সহকারী প্রকৌশলী, জঃ স্বাঃ প্রঃ অঃ চারঘাটকে অনুরোধ রাখেন এবং অদ্যকার, সভার আলোচ্য বিষয় সমূহ উপস্থাপনের জন্য বলেন।

ক্রঃনং	আলোচ্যসূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	আলোচ্য বিষয়-০১	উপজেলা পরিষদের কোয়ার্টার গুলোর পানি নিষ্কাশনের জন্য যে ড্রেন আছে তা অল্প বৃষ্টি হলে বর্ষাকালে তার চারপাশে ভরে যায় পানি দিয়ে এবং কয়েকদিন যাবৎ পানি জলাবদ্ধতা থাকে। যার কারণে কোয়ার্টারের চারপাশে দুর্গন্ধ সৃষ্টি হয় জমে থাকার পানির জন্য এবং পরিবেশ দূষিত হয়। কোয়ার্টার ও ডরমেটরির টিউবওয়েল মাঝে মাঝে নষ্ট হয়, যার ফলে পানির জন্য সমস্যা সৃষ্টি হয়। তাই উক্ত বিষয় গুলো সমাধানের জন্য উপজেলা পরিষদকে বিশেষভাবে অনুরোধ করা হলো।	বাস্তবায়নকারী প্রকল্প প্রস্তাব গ্রহণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করা হলো।
০২	আলোচ্য বিষয়-০২	উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আরো জানান যে, উপজেলার পুকুরে বিভিন্ন ধরনের ময়লা আবর্জনা এবং ব্যবহৃত প্লাস্টিক বোতল ও পলিথিন ফেলার কারণে পানি দূষিত হচ্ছে ও মাছ মারা যাচ্ছে এবং পরিবেশ দূষিত হচ্ছে। ময়লা আবর্জনা পরিষ্কার ও সমস্যা সমাধানের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করা হলো।	প্রকল্প প্রস্তাব গ্রহণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করা হলো।
০৩	আলোচ্য- বিষয়-০৩	নিমপাড়া ইউনিয়নের চেয়ারম্যান আলোচনায় সভায় সকলকে ধন্যবাদ জানিয়ে শুরু করেন তার আলোচনা। তিনি বলেন সরকারী যে বরাদ্দ আসে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। আমার ইউনিয়নের নাগরিকগণ প্রায় আমার কাছে এসে টিউবওয়েল ও সাবমারসিবল পাম্পের জন্য আবেদন করে কিন্তু আমার কাছে মাত্র ১৩টি সাবমারসিবল পাম্পের বরাদ্দ আসে। তাই এই বিষয়ে আরো বেশি বরাদ্দ দেওয়ার জন্য দৃষ্টি আকর্ষণ করছি উপজেলা পরিষদকে।	প্রকল্প প্রস্তাব গ্রহণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করা হলো।

আলোচনায় আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।


মোসাঃ তাজমিরা খাতুন
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
চারঘাট, রাজশাহী।